

রপ্তানি উন্নয়ন ব্যুরো
প্রধান কার্যালয়
১, কারওয়ান বাজার, ঢাকা



লিগ্যাল এডভাইজার/রিটেইনার নিয়োগ বিজ্ঞপ্তি

রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ এর মামলা তদারকি/পরিচালনার জন্য লিগ্যাল এডভাইজার/রিটেইনার নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে আবেদনপত্র/দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

শর্তাবলীঃ

১. রিটেইনার ফি আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে। রিটেইনারকে আইন বিষয়ক কাজের জন্য/মামলা পরিচালনার জন্য ব্যুরোর অনুমোদিত সিডিউল অব ফি অনুসারে ফি প্রদান করা হবে;
২. রিটেইনার নিয়োগের চুক্তি নিয়োগপ্রাপ্তির তারিখ হতে ০১ (এক) বছর বলবৎ থাকবে যা উভয় পক্ষের সম্মতিতে নবায়ন করা যাবে;
৩. আবেদনকারীকে সাদা কাগজে জীবন বৃত্তান্ত (প্রাকটিসিং আদালতের নাম, চেম্বারের ঠিকানা ইত্যাদিসহ) উল্লেখপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, পেশাগত সার্টিফিকেট/অভিজ্ঞতা সনদপত্র, বার কাউন্সিল প্রদত্ত ওকালতি সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি এবং সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি সংযুক্ত করে আবেদন করতে হবে;
৪. বিচারিক বা উচ্চ আদালতে আইন পেশা দক্ষতাকে অতিরিক্ত অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করা হবে;
৫. আবেদনপত্র সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কাওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আগামী ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ অফিস চলাকালে কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে;
৬. রিটেইনার নিয়োগ সংশ্লেষে আবেদনকারীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
৭. ব্যুরো কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন অথবা সকল আবেদন গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। লিগ্যাল এডভাইজার/রিটেইনার নিয়োগের ক্ষেত্রে ব্যুরোর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(আবু হেনা মোরশেদ জামান)
সচিব (যুগ্মসচিব)
ফোনঃ ৫৫০১৩৪২০

০২/০৫/১৮